কুষ্টিয়া পল্লী বিদ্যুৎ সমিতি
বারখাদা, কুষ্টিয়া।
ISO 9001:2015 CERTIFIED

ই-মেইল-kuspbs@gmail.com
ওয়েব সাইট-pbs.kushtia.gov.bd

স্মারক নং-২৭.১২.৫০৭৯.৫১৯.০২.০০৮.২৪. ৪৭৫০

তারিখঃ- ২৬ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ।
১০ সেপ্টেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ।

# "আন্তঃপবিস নিয়োগ বিজ্ঞপ্তি"

কুষ্টিয়া পল্লী বিদ্যুৎ সমিতির নিম্নোক্ত চুক্তিভিত্তিক পদে লোকবল নিয়োগ/প্যানেল তৈরীর নিমিত্তে আগ্রহী অভিজ্ঞতা সম্পন্ন মিটার রিডার (চুক্তিভিত্তিক) / ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) / মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) গণের নিকট হতে নিম্নবর্নিত যোগ্যতা ও শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

| ক্রঃনং | পদের নাম ও সংখ্যা | বেতন স্কেল | প্রার্থীর যোগ্যতা |
|---|---|---|---|
| ০১ | মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার(চুক্তিভিত্তিক)<br><br>পদের সংখ্যা- ২৩ টি (প্রয়োজনে কম / বেশি হতে পারে)। | পবিস বেতন কাঠামো-২০১৬ অনুযায়ী বেতন স্কেল ১৪৭০০.০০ হতে ২৬৪৮০.০০ টাকাসহ পবিস নির্দেশিকা/ সার্কুলার অনুযায়ী অন্যান্য ভাতাদি | ০১। বয়স সীমাঃ প্রার্থীর সর্বোচ্চ বয়স সীমা ৫২ (বায়ান্ন) বছর (০২/১০/২০২৪ খ্রিঃ তারিখে)।<br><br>০২। অভিজ্ঞতাঃ আগ্রহী প্রার্থীর মিটার রিডার/ম্যাসেঞ্জার/মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে অন্য কোন পবিসে ০৩ (তিন) বছর /০৬ (ছয়) বছর/ ০৯ (নয়) বছর ধারাবাহিক ও সন্তোষজনক ভাবে কর্মসম্পাদনের অভিজ্ঞতা থাকতে হবে।<br><br>০৩। অন্যান্য যোগ্যতাঃ<br>(ক) প্রার্থীকে সৎ,বিশ্বস্ত,মার্জিত ব্যক্তিত্ব,সুঠাম দেহ ও সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে।<br>(খ) প্রার্থীর নিজস্ব বাই সাইকেল থাকতে হবে এবং বাইসাইকেল চালনায় পারদর্শী হতে হবে। |

শর্তাবলীঃ

০১। আবেদনপত্র পুরণ ও জমাদানঃ

কুষ্টিয়া পল্লী বিদ্যুৎ সমিতি এর ওয়েব সাইট (pbs.kushtia.gov.bd) হতে আবেদন ফরম (ফরম নং-পমাসপ-১১০-০০২,ভার্সন-০১) A4 সাইজ কাগজে ডাউনলোড পূর্বক নিজ হাতে পূরণ করে আগামী ০২/১০/২০২৪ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে জেনারেল ম্যানেজার, কুষ্টিয়া পল্লী বিদ্যুৎ সমিতি, বারখাদা, কুষ্টিয়া বরাবর ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিস এর মাধ্যমে আবেদনপত্র প্রেরণ করতে হবে। নির্ধারিত ফরম ব্যতীত সাদা কাগজে লিখিত বা টাইপকৃত বা হাতে হাতে বা উল্লেখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহনযোগ্য বলে বিবেচিত হবে না।

০২। চুক্তির মেয়াদঃ

নির্বাচিত প্রার্থীকে ০৩ (তিন) বছরের জন্য ১ম বার চুক্তিভিত্তিক নিয়োগ দেওয়া হবে। পরবর্তীতে প্রার্থীর কর্মমূল্যায়নের মান সন্তোষজনক বিবেচিত হলে চলমান চুক্তির মেয়াদ সমাপনান্তে নূন্যতম ০১/০২ (এক/দুই)টি কর্মদিবস বিরতি দিয়ে পরবর্তী ০৩(তিন) বছর মেয়াদী ২য় চুক্তি সম্পাদিত হবে। অতঃপর একইভাবে ২য় মেয়াদে সন্তোষজনক কর্মমূল্যায়নের প্রেক্ষিতে অত্র সমিতিতে ৩য় চুক্তি সম্পাদিত হবে। তবে সর্বোর্চ্চ (৩+৩+৩) মোট ৯ বছর এর অধিক কোন চুক্তি নবায়ন হবে না। আবার বয়স ৫৫ বৎসরের অধিক কোন চুক্তি নবায়ন হবে না বা ৫৫ বৎসরের অধিক বয়সে চাকুরী করা যাবে না।

০৩। আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজাদি সংযুক্ত করতে হবেঃ

(ক) সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি;
(খ) শিক্ষাগত যোগ্যতার সকল সনদ এর সত্যায়িত অনুলিপি;
(গ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত অনুলিপি;
(ঘ) স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভা মেয়র/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।
(ঙ) প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার অথবা বিআরইবি/পবিস এর কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
(চ) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রদত্ত "অভিজ্ঞতা সনদ" যা এজিএম (প্রশাসন/ এইচ আর) কর্তৃক সত্যায়িত হতে হবে।

০৪। বেতন ও ভাতাদিঃ নিয়োগ প্রাপ্ত প্রার্থীর চুক্তিকালীন সময়ে নিম্নোক্ত হারে বেতন ও ভাতাদি প্রদান করা হবে।

(ক) পবিস বেতন কাঠামো'২০১৬ অনুযায়ী বেতন স্কেল-১৪৭০০ হতে ২৬৪৮০ টাকা (বাপবিবোর্ডের সার্কুলার অনুযায়ী)।
(খ) বাড়ী ভাড়া মূল বেতনের ৪০%।
(গ) মাসিক বিদ্যুৎ বিল ভাতা ১৫০ ইউনিটের সমপরিমান অর্থ।
(ঘ) যাতায়াত ভাতা ১৫০০.০০ (এক হাজার পাঁচ শত) টাকা।
(ঙ) প্রতি বৎসর নিয়মানুযায়ী বার্ষিক বেতন প্রবৃদ্ধি প্রদান করা হবে।
(চ) মাসিক চিকিৎসা ভাতা ১০০০ (এক হাজার) টাকা প্রদান করা হবে।
(ছ) নিয়মানুযায়ী মাসিক শিক্ষা ভাতা (প্রযোজ্য ক্ষেত্রে প্রাপ্য হবেন)।
(জ) পবিসে চুক্তি ভিত্তিক কর্মকালীন প্রতি চুক্তি বৎসরে "উৎসব বোনাস ও বৈশাখী ভাতা" প্রাপ্য হবেন। সমিতিতে পারফরমেন্স টার্গেট এ্যাগ্রিমেন্ট (কেপিআই/এপিএ) এর ফলাফল অনুযায়ী বোনাস/পেনাল্টি ভোগ করবেন।
(ঞ) সন্তোষজনকভাবে চাকুরী শেষে পবিস হতে পূর্ণ বৎসরের জন্য শেষ মূল বেতন এর ২০% হারে সার্ভিস বেনিফিট প্রাপ্ত হবেন।

০৫। অন্যান্য শর্তাবলীঃ

(ক) নিয়োগপ্রাপ্ত প্রার্থীকে সমিতির অনূকূলে ১০,০০০.০০ (দশ হাজার) টাকা নিরাপত্তা জামানত হিসেবে জমা প্রদান করতে হবে, যা সন্তোষজনক চুক্তি সমাপনান্তে ব্যাংক কর্তৃক প্রদত্ত মুনাফাসহ নিয়মানুযায়ী ফেরত দেয়া হবে।

(খ) অভিজ্ঞতা সনদপত্রে উল্লিখিত প্রতিটি চুক্তিকাল তারিখসহ ছকে উল্লেখ পূর্বক বর্ণনা, জন্ম তারিখ, বর্তমান বয়স ইত্যাদি স্পষ্ট ভাবে (কোন পবিসে কত তারিখ হতে কত তারিখ পর্যন্ত দায়িত্ব পালন করেছেন/করছেন) উল্লেখ করতে হবে।

(গ) যে সকল প্রার্থী ইতোপূর্বে অত্র পবিসে মিটার রিডার (চুক্তি ভিত্তিক)/ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)/ মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার(চুক্তিভিত্তিক) পদে কর্মরত ছিলেন তাঁদের আবেদন করার প্রয়োজন নাই ।

(ঘ) অত্র সমিতিতে কর্মরত কর্মকর্তা/কর্মচারী বা বোর্ড পরিচালক/মহিলা পরিচালকগণের রক্ত সম্পর্কীয় কেউ অথবা তাঁদের স্বামী/স্ত্রীগণের রক্ত সম্পর্কীয় কেউ আবেদন করতে পারবেন না ।

(ঙ) চুক্তির মেয়াদ উত্তীর্ণের পূর্বেই কোন পল্লী বিদ্যুৎ সমিতি হতে শৃঙ্খলাজনিত কারণে বা স্বেচ্ছায় অব্যাহতি প্রাপ্ত/অপসারিত/বরখাস্ত/চাকুরীচ্যুত/দেশের কোন ফৌজদারী আদালত কর্তৃক দন্ড প্রাপ্ত হলে তাঁদের আবেদন করার প্রয়োজন নাই ।

(চ) দুই বা তাঁর অধিক সহোদরের যে কোন একজন আবেদন করতে পারবেন । দুই সহোদর নিয়োগপ্রাপ্ত হলেও পরবর্তীতে তাহা প্রমানিত হলে নিয়োগপ্রাপ্ত উভয়ের চুক্তিই বাতিল করা হবে।

(ছ) প্রতারণামূলক ভাবে স্থায়ী ঠিকানা ভুল দিলে অথবা কেই তথ্য গোপন করে নিয়োগপ্রাপ্ত হলে তার বিরুদ্ধে কোন প্রকার তদন্ত ব্যতিরেকেই তাৎক্ষণিক ভাবে বরখাস্ত করণসহ দেশের প্রচলিত আইনানুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

(জ) বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে যারা বর্তমানে মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জার পদে কর্মরত আছেন এবং বিজ্ঞপ্তি প্রকাশের তারিখে চলমান চুক্তির মেয়াদ ০৩ (তিন) মাসের অধিক সময় আছে তাদের আবেদন করার প্রয়োজন নাই ।

(ঝ) ইতোমধ্যে পুলিশ ভেরিফিকেশন না হয়ে থাকলে চাকুরীতে যোগদানের পর প্রার্থীর প্রাক-পরিচয় ও অন্যান্য তথ্য যাচাই করার জন্য পুলিশ ভেরিফিকেশন করা হবে এবং পুলিশ ভেরিফিকেশন সন্তোষজনক না হলে চুক্তি বাতিল হবে ।

(ঞ) খামের উপর পদের নাম স্পষ্ট ভাবে উল্লেখ করতে হবে ।

(ট) অসম্পূর্ণ/ভুল আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

(ঠ) কুষ্টিয়া জেলায় স্থায়ী বাসিন্দাদের আবেদন করার প্রয়োজন নাই।

(ড) অধিক অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার ভিত্তিতে প্যানেল তৈরী/নিয়োগ করা হবে।

২৮/০৫/২৪

(প্রকৌঃ মো. ইসমাত কামাল)
জেনারেল ম্যানেজার (চঃদাঃ)

অনুলিপিঃ-(সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের অনুরোধসহ)।

০১। নির্বাহী পরিচালক,বাপবিবো, ঢাকা ।
০২। পরিচালক, পবিস মানব সম্পদ/পবিস মনিটরিং ও ব্যঃপঃ (পঃঅঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা ।
০৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা ।
০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার...............................পবিস-১/২/৩/৪।
০৫। একান্ত সচিব, চেয়ারম্যান, বাপবিবোর্ড, ঢাকা ।
০৬। ডিজিএম, সদর-কারিগরী/ভেড়ামারা/মিরপুর/দৌলতপুর/কুমারখালী/স্বস্তিপুর জোঃ অঃ, কুষ্টিয়া পবিস ।
০৭। এজিএম (ওএন্ডএম), খোকসা/ পোড়াদহ/প্রাগপুর সাব-জোনাল অফিস, কুষ্টিয়া পবিস ।
০৮। এজিএম (এইচ.আর/ প্রশাসন/অর্থ-হিসাব/অর্থ-রাজস্ব/ওএন্ডএম/ইএন্ডসি/এমএস/ আই টি-১/২), কুষ্টিয়া পবিস ।
০৯। নোটিশ বোর্ড/ওয়েব সাইট, কুষ্টিয়া পবিস ।
১০। অফিস কপি/মাষ্টার কপি ।

২৮/০৫/২৪

(প্রকৌঃ মো. ইসমাত কামাল)
জেনারেল ম্যানেজার (চঃদাঃ)

পমাসপ-১১০-০০২
ভার্সন-০১
অনুমোদিত ঃ ২৭/০৪/২০১৪ খ্রিঃ

কুষ্টিয়া পল্লী বিদ্যুৎ সমিতি
KUSHTIA P.B.S.

# কুষ্টিয়া পল্লী বিদ্যুৎ সমিতির মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার(চুক্তি ভিত্তিক) পদে প্যানেলভূক্তি/নিয়োগ লাভের জন্য আবেদন ফরম

(সংশ্লিষ্ট স্থান প্রার্থীকে স্বহস্তে পূরণ করতে হবে)

পাসপোর্ট সাইজের এককপি ছবি এঘরে আইকা আঠা দিয়ে লাগিয়ে ছবির উপর ১ম শ্রেনীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত হবে।

সিনিয়র জেনারেল ম্যানেজার /জেনারেল ম্যানেজার
কুষ্টিয়া পল্লী বিদ্যুৎ সমিতি

১. নিয়োগ বিজ্ঞপ্তি নং-

৩. আবেদনকৃত পদের নাম -
(বিজ্ঞপ্তিতে যেভাবে উল্লেখ আছে)

২. পদের ধরণ

৪. বিজ্ঞাপনের সূত্র/পত্রিকার নাম

৫. প্রকাশনার তারিখ

৬. আবেদনকারীর পূর্ণ নাম(বাংলায়) ____________ (বড় হাতের অক্ষরে ইংরেজীতে) ____________

৭. জন্ম তারিখ(____________ পরীক্ষা সনদ/নিবন্ধন অনুযায়ী)

_____/_____/_______(দিন/মাস/বছর)

৮. মাতার নাম

৯. বয়স (০২-১০-২০২৪ খ্রি তারিখে)

১০. পিতার নাম

১১. বর্ণ

১২. জাতীয়তা

১৩. নিজ জেলা

১৪. টেলিফোন/মুঠো ফোন নম্বর

১৫. বৈবাহিত অবস্থা (টিক(√)দিন ☐ বিবাহিত ☐ অবিবাহিত

১৬. কোন কোটার সুবিধা প্রাপ্য (বক্সের ভিতর খালি অংশে টিক (√)দিন ঃ

☐ মহিলা ☐ মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ☐ মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা ☐ এতিম ও শারীরিক প্রতিবন্ধি

☐ উপজাতি ☐ আনসার ও গ্রাম প্রতিরক্ষা ☐ অন্যান্য

১৭. স্থায়ী ঠিকানা ঃ

ক. গ্রাম/সড়ক/বাড়ী ............ খ. ডাকঘর ............ গ. উপজেলা/থানা ____________ ঘ. জেলা ____________

১৮. যে ঠিকানায় প্রার্থী প্রবেশ পত্র/নিয়োগ পত্র (নিয়োগ পাওয়ার ক্ষেত্রে প্রযোজ্য) পেতে ইচ্ছুক ঃ

ক. গ্রাম/সড়ক/বাড়ী ............ খ. ডাকঘর ............ গ. উপজেলা/থানা ____________ ঘ. জেলা ____________

কুষ্টিয়া পল্লী বিদ্যুৎ সমিতি

১৯. পোষ্টাল অর্ডার/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর ..........................

২০. পোষ্টাল অর্ডার/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মূল্য ..........................

২১. ইস্যুর তারিখ ..........................

২২. প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার বিবরণ (বিজ্ঞাপনের শর্তানুযায়ী পুরণ করতে হবে) ঃ

| উত্তীর্ণ পরীক্ষার নাম | শিক্ষা প্রতিষ্ঠানের নাম | সিজিপিএ/বিভাগ/শ্রেনী | | সার্টিফিকেট/ডিগ্রী অর্জনের বছর |
|---|---|---|---|---|
| | | সিজিপিএ স্কেল | প্রাপ্ত বিভাগ/শ্রেণী/গ্রেড | |
| | | | | |
| | | | | |
| | | | | |

২৩. অভিজ্ঞতার বিবরণ (সনদ দ্বারা সমর্থিত হতে হবে) ঃ.......................... বৎসর ।

২৪. প্রাক্তন ও বর্তমান চাকুরীর কালানুক্রমিক বিবরণ (শুধুমাত্র প্রযোজ্য ক্ষেতে) ঃ

| নিয়োগকারী কর্তৃপক্ষের নাম ও ঠিকানা | চাকুরীর/পদের নাম ও বেতনক্রম | যোগদানের তারিখ | চাকুরী পরিত্যাগের তারিখ |
|---|---|---|---|
| | | | |
| | | | |
| | | | |
| | | | |

২৫. প্রার্থী সম্পর্কে জ্ঞাত দু'জন দায়িত্বশীল ব্যক্তির পরিচয় (আত্মীয় ব্যতীত)ঃ

| নাম, পদবী/পেশা, ঠিকানা, টেলিফোন/মুঠো ফোন নম্বর এবং ই-মেইল ঠিকানা (যদি থাকে) |
|---|
| ১। |
| ২। |

২৬. পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত বিভাগীয় প্রার্থীদের জন্য (পবিস নির্দেশিকা ৩০০-১৪ অনুযায়ী নিম্নের তথ্য প্রদেয় হবে) ঃ

| কর্মরত পবিস এর নাম | পদের নাম | বর্তমান পদে মোট চাকুরীকাল | প্রযোজ্য আবশ্যিক সকল প্রশিক্ষণে উত্তীর্ণ কি না (হাঁ/না) জবাব হাঁ হলে সনদ সংযুক্ত করতে হবে। | পবিস কর্মচারী চাকুরী বিধি অনুযায়ী কোন দন্ড প্রদত্ত হলে দন্ডের তারিখ ও দন্ডের বিবরণ (গুরুদন্ড/লঘুদন্ড) |
|---|---|---|---|---|
| | | | | |

আমি অঙ্গীকার করছি যে, একজন প্রার্থী হিসেবে উপরে বর্ণিত সকল তথ্যাদি স্বহস্তে লিপিবদ্ধ করেছি তা আমার জ্ঞাতসারে সঠিক। যদি আবেদনপত্রে কোন তথ্য গোপন অথবা ভুল কিংবা অসত্য তথ্য প্রদান করে থাকি অথবা নিয়োগ বিজ্ঞপ্তির সকল শর্তপূরন করা হয়নি বলে পরবর্তীতে প্রমাণিত হয়, তাহলে বাপবিবোর্ড/পবিস কর্তৃপক্ষের নিকট আবেদনকৃত পদে নিয়োগের ক্ষেত্রে অযোগ্য বলে বিবেচিত হবো এবং আমার বিরুদ্ধে বাপবিবো কর্তৃপক্ষ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করলে আমি মানতে বাধ্য থাকবো। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হয়ে যদি আমি মৌখিক পরীক্ষার জন্য বিবেচিত হই, সেক্ষেত্রে মৌখিক পরীক্ষায় সাক্ষাৎকার প্রদানের সময় কর্তৃপক্ষের নিকট আমার সকল শিক্ষাগত যোগ্যতা, জাতীয়তা সনদ এবং অভিজ্ঞতা সনদ এর ২ (দুই) সেট অবিকল প্রতিলিপি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িতপূর্বক সরবরাহ করতে এবং মূল সনদ সমূহ প্রদর্শণ করতে বাধ্য থাকবো।

..................................

তারিখ

..................................

আবেদনকারীর স্বাক্ষর

বিঃ দ্রঃ- সরকারী/আধা-সরকারী/স্বায়ত্ত শাসিত সংস্থায় বা পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

কুষ্টিয়া পল্লী বিদ্যুৎ সমিতি
বারখাদা, কুষ্টিয়া